

## পদ্মা সেতুতে টোল আদায়ের নতুন রেকর্ড

- A Monitor Desk Report

Date: 10 April, 2024



ঢাকা: পদ্মা সেতুতে এক দিনে টোল আদায়ের নতুন রেকর্ড তৈরি হয়েছে। মঙ্গলবার (৯ এপ্রিল) পদ্মা সেতু দিয়ে ৪৫ হাজার ২০৪টি যান পারাপারে টোল উঠে ৪কোটি ৯০ লাখ ৬৭ হাজার ৫০ টাকা।

এর মধ্যে মাওয়া প্রান্ত থেকে ৩০ হাজার ৩৩০টি ও জাজিরা প্রান্ত থেকে ১৪ হাজার ৮৭৪টি যানবাহন পারাপার হয়েছে।

এতে নগদ টোল আদায় হয়েছে ৪ কোটি ৮৯ লাখ ৯৪ হাজার ৭০০ টাকা। বাকিতে সরকারি প্রতিষ্ঠানের যান পারাপারে টোল রয়েছে ৭০ হাজার ৮৫০ টাকা। আর চলন্ত অবস্থায় ইটিসিএস পদ্ধতিতে টোল জমা হয়েছে এক হাজার ৫০০ টাকা।

এটি পদ্মা সেতুতে এক দিনে সর্বোচ্চ টোল আদায় বলে জানিয়েছে সেতু কর্তৃপক্ষ।

পদ্মা সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক আমিরুল হায়দার চৌধুরী জানান, এর আগে সর্বোচ্চ রেকর্ডে টোল আদায় হয়েছে গত বছরের ২৭ জুন ৪৩ হাজার ১৩৭টি যানবাহন পারাপারে চার কোটি ৬০ লাখ ৫৩ হাজার ৩০০ টাকা টোল আদায় হয়। আর এর আগের সর্বোচ্চ টোল আদায়ের রেকর্ড ছিল ২০২২ সালের ৮ জুলাই। সেদিন মোট চার কোটি ১৯ লাখ ৩৯ হাজার ৬৫০ টাকা টোল আদায় হয়েছিল এবং ৩১ হাজার ৭২৩টি গাড়ি পারাপার করে।

২০২২ সালের ২৫ জুন পদ্মা সেতু উদ্বোধন হয়। পরদিন ২৬ জুন যানবাহন পারাপারের জন্য সেতুটি খুলে দেয়া হয়। সেদিন পদ্মা সেতু দিয়ে ৫১ হাজার ৩১৬ যানবাহন পাড়ি দেয়। এ পর্যন্ত পদ্মা সেতু দিয়ে এটিই সর্বোচ্চ যানবাহন পারাপারের রেকর্ড। তবে মঙ্গলবার পার হওয়া যানবাহন সংখ্যার দিক দিয়ে দ্বিতীয় অবস্থানে রয়েছে।

পদ্মা সেতু চালু হওয়ার পর থেকে এক মিনিটের জন্য সেতুতে যান পারাপার বন্ধ হয়নি। নির্বিঘ্নে পদ্মা সেতু হয়ে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার মানুষ যাতায়াত করতে পারছে। পদ্মা সেতু দিয়ে এই পর্যন্ত মোট টোল আদায় হয়েছে ১৪ শ' ৫৩ কোটি ১৪ লাখ ১২ হাজার ৮০০ টাকা।

আর গাড়ি পার হয় ১ কোটি আট লাখ ৫৫ হাজার ৬৬২টি।

আর ঈদে ঘরমুখো মানুষের বিড়ম্বনাও লাঘব হয়েছে। আর এবার আরো নতুন মাত্রা ছিল ঈদ যাত্রায় ট্রেনে করে পদ্মা পাড়ি দেয়া।

-B